

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩০১৪(আগরতলা ১৮।০৯)  
কমলপুর, ১৮ সেপ্টেম্বর, ২০২৩

**বিদ্যাজ্যোতি প্রকল্পে কমলপুর ইংরেজি  
দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন**

বিদ্যাজ্যোতি প্রকল্পে কমলপুর সরকারি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়ন করা হবে। পূর্ত দপ্তরের কমলপুর ডিভিশন বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের কাজ হাতে নিয়েছে। এই প্রকল্পে বিদ্যালয়ের নতুন দ্বিতল ভবন নির্মাণ করা হবে। নতুন ভবনে থাকবে অতিরিক্ত শ্রেণীকক্ষ, শৌচালয়, বাউন্ডারি ওয়াল ও প্রধান গেট। এছাড়াও অভ্যন্তরীণ পানীয়জল, অভ্যন্তরীণ শৌচালয় ব্যবস্থা ও বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা থাকবে। এজন্য মোট ব্যয় হবে ৩ কোটি ৯৩ লক্ষ ৫ হাজার ২৪০ টাকা।

\*\*\*\*\*